জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)
ময়মনসিংহ।
www.nape.gov.bd

স্মারক নং- ৩৮.০৪.০০০০.৪০১.১৬.২৫৫.০১.১৯- ৪১৮ তারিখ: ১৫.০৬.২০২০ খ্রি:

## প্রণোদনা প্রদান বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে প্রেরিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ সীট ২০১৬-২০১৭ এর ৪০১ অনুচ্ছেদ এবং 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এর ৬.৩ ধারা অনুযায়ী জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ-এ শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা বিষয়ক কমিটির সভা ১০/০৬/২০২০ খ্রি: তারিখ রোজ বুধবার সকাল ১১.০০টায় নেপ এর মহাপরিচালক ও কমিটির সভাপতি জনাব মো: শাহ আলম এর সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে সামাজিক দূরত্ব ও যথাযথ স্বাস্থ্য বিধি মেনে অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ-এ শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা বিষয়ক কমিটির নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেন।

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ১. | জনাব মোঃ শাহ আলম, মহাপরিচালক |
| ২. | জনাব মো: ইউসুফ আলী, পরিচালক |
| ৩. | জনাব মাহবুব এলাহী, ঊর্ধ্বতন বিশেষজ্ঞ |
| ৪. | জনাব দিলরুবা আহমেদ, উপপরিচালক (প্রশাসন) |
| ৫. | জনাব এ কে এম মনিরুল হাসান, উপপরিচালক (মূল্যায়ন) |
| ৬. | জনাব দিলীপ কুমার সরকার, প্রোগ্রামার |
| ৭. | মীর মোঃ আরিফুর রহমান, সহকারী বিশেষজ্ঞ |
| ৮. | জনাব মনোয়ারা বেগম, সহকারী বিশেষজ্ঞ |
| ৯. | জনাব মোঃ মাহমুদুল হাসান, সহকারী বিশেষজ্ঞ |

**সভার আলোচ্য বিষয় নিম্নরূপ:**

১. নেপ এর শুদ্ধাচার কার্যক্রম পর্যালোচনা।
২. ইনোভেশন, শুদ্ধাচার ও এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
৩. 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এর ৬.৩ ধারা অনুযায়ী জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ-এ শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান।

**আলোচনা ও সিদ্ধান্তসমূহ :**

সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. নেপ এর শুদ্ধাচার কার্যক্রম পর্যালোচনা। | ১. নেপ এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুসারে পরিকল্পিত শুদ্ধাচার চর্চার হার উন্নয়নপূর্বক বার্ষিক কর্মপরিকল্পনা দ্রুত বাস্তবায়নে কার্যক্রম গ্রহণ করতে হবে। | নেপ ইনোভেশন টিম এবং শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি |
| ২. ইনোভেশন, শুদ্ধাচার ও এপিএ | ২. (ক) নেপ ইনোভেশন কাজের সেবা অংশীজন বান্ধব করার লক্ষ্যে | |

| | | |
|---|---|---|
| ২. ইনোভেশন, শুদ্ধাচার ও এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। | ২. (ক) নেপ ইনোভেশন কাজের সেবা অংশীজন বান্ধব করার লক্ষ্যে SIP (Small Innovation Project) তালিকা তৈরি করে সেগুলো ধাপে ধাপে বাস্তবায়ন করতে হবে।<br>(খ) প্রশিক্ষণ ও গবেষণা কাজের এবং অফিসে আগমণ ,প্রস্থান ও অবস্থানের ক্ষেত্রে শুদ্ধাচার চর্চা এবং সামাজিক দূরত্ব তথা স্বাস্থ্য বিভাগের নির্দেশনা যথাযথভাবে প্রতিফলন ঘটাতে হবে।<br>(গ) নেপ এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্টদের আরো সক্রিয় , দায়িত্বশীল এবং কোভিড -১৯ পরিস্থিতিতে কর্মসম্পাদনের বিকল্প সমাধান খোঁজে বের করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে যেন নির্ধারিত সময়ের মধ্যে এপিএ এর লক্ষ্য মাত্রা অর্জনের দিকে এগিয়ে থাকা যায়।<br>(ঘ) প্রতিমাসে ইনোভেশন টীম এবং শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা অনলাইনে Zoom Cloud Software or Google.meet software ব্যবহার করে সভা আয়োজন করতে হবে । ইনোভেশন এবং শুদ্ধাচার বাস্তবায়নের বার্ষিক অর্জন প্রতিবেদন এর খসড়া প্রণয়নপূর্বক যথাসময়ে মহাপরিচালক, নেপ বরাবর দাখিল করতে হবে। | |
| ৩. 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এর ৬.৩ ধারা অনুযায়ী জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ-এ শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা পুরস্কার প্রদান। | ৩. জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) শুদ্ধাচার চর্চা, নৈতিকতা, পেশাগত দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, শৃঙ্খলাবোধ, সময়নুবর্তিতা, তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা, স্বপ্রণোদতি তথ্য প্রকাশে আগ্রহ এবং অর্পিত দায়িত্ব ও কার্যক্রম সঠিক সময়ে এবং সঠিকভাবে বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে সক্রিয় ভূমিকা পালনের জন্য ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য নেপ এর ১-১০ গ্রেডের কর্মচারিদের মধ্য থেকে জনাব এ. কে. এম মনিরুল হাসান, উপপরিচালক (মূল্যায়ন), ও নেপ ১১-২০ গ্রেডের কর্মচারিদের মধ্য থেকে জনাব মোঃ মানিউল ইসলাম, ওয়ার্কশপ টেকনিশিয়ান ও জনাব মোঃ লিটন, অফিস সহায়ক, নেপকে প্রণোদনা পুরস্কার প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, প্রাগম হতে ২০১৯-২০২০ অর্থ বছরের জন্ ৩ জন কর্মকর্তা-কর্মচারিকে প্রনোদনা দেওয়া হয়েছে। প্রণোদনা পুরস্কার হিসেবে তিনি সংশ্লিষ্ট খাত হতে মূলবেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন এবং একটি সার্টিফিকেট প্রাপ্য হবেন। | উপপরিচালক(প্রশাসন), নেপ,<br>ইনোভেশন টীম, নেপ,<br>হিসাবরক্ষণ কর্মকর্তা, নেপ |

সভাপতি নেপ ইনোভেশন টিম এবং শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির কার্যক্রম আরো গতিশীল করার জন্য সংশ্লিষ্ট সকল সদস্যকে যথাযথ দায়িত্ব পালন করার নির্দেশনা প্রদান করেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৮/2020

(মোঃ শাহ আলম)
মহাপরিচালক
ফোন: ০৯১-৬৬৩০৫
mail: dgnape@gmail.com

স্মারক নং- ৩৮.০৪.০০০০.৪০১.১৬.২৫৫.০১.১৯- ৪১৮ তারিখ: ২৫.০৬.২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব মো: ইউসুফ আলী, পরিচালক, নেপ, ময়মনসিংহ।
৩. জনাব মাহবুব এলাহী, উর্ধ্বতন বিশেষজ্ঞ, নেপ, ময়মনসিংহ।
৪. জনাব দিলরুবা আহমেদ, উপপরিচালক (প্রশাসন) ,নেপ, ময়মনসিংহ।
৫. জনাব এ কে এম মনিরুল হাসান, উপপরিচালক (মূল্যায়ন), নেপ, ময়মনসিংহ।
৬. জনাব দিলীপ কুমার সরকার, প্রোগ্রামার, নেপ, ময়মনসিংহ।
৭. মীর মোঃ আরিফুর রহমান, সহকারী বিশেষজ্ঞ
৮. জনাব মনোয়ারা বেগম, সহকারী বিশেষজ্ঞ
৯. জনাব মোঃ মাহমুদুল হাসান, সহকারী বিশেষজ্ঞ
১০. জনাব মোহাম্মদ হাবিবুর রহমান, হিসাব রক্ষণ কর্মকর্তা, নেপ, ময়মনসিংহ।
১১. জনাব মো: লিটন, অফিস সহায়ক, নেপ, ময়মনসিংহ।

২৫/০৭/২০২০

(মো: শাহ আলম)
মহাপরিচালক
ফোন: ০৯১-৬৬৩০৫